# Times Today BD

জেলা প্রতিনিধি | বরিশাল | 29 June, 2025

পিরোজপুরে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে স্থানীয় সাংবাদিকদের বিরুদ্ধে মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য ছড়ানোর অভিযোগে একজনকে গ্রেফতার করেছে পুলিশ।গ্রেফতারকৃত ব্যক্তির নাম খান শহিদ ওরফে ডলার শহীদ (৪৮)।তিনি পিরোজপুর পৌরসভার মসিদবাড়ী সড়কের বাসিন্দা, মজিবুল হক খানের ছেলে।

শুক্রবার (২৮ জুন) বিকেলে তথ্যপ্রযুক্তির সহায়তায় পিরোজপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল শহীদকে তার বাড়ি এলাকা থেকে গ্রেফতার করে এ ঘটনায় পিরোজপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এসএম তানভীর আহমেদ বাদী হয়ে মামলা দায়ের করেন।

অভিযোগে বলা হয়, চলতি বছরের ১২ এপ্রিল ‘পিরোজপুর সত্য বাণী’ নামে একটি ফেক ফেসবুক আইডি থেকে পিরোজপুরে কর্মরত একাধিক সাংবাদিকের নাম, ছবি এবং প্রতিষ্ঠানের পরিচয়সহ বিভ্রান্তিকর ও মানহানিকর তথ্য প্রকাশ করা হয়।অভিযুক্ত ওই পোস্টটি শতাধিক ফেসবুক গ্রুপে শেয়ার করে জনমনে বিভ্রান্তি ও সাংবাদিকদের পেশাগত সম্মানহানির চেষ্টা করে।

পোস্টটিতে যাদের ছবি ও তথ্য দেওয়া হয় তারা সবাই দেশের জাতীয় ও শীর্ষস্থানীয় গণমাধ্যমে কর্মরত বলে জানা গেছে।

সদর থানার ওসি (তদন্ত) মো. তরিকুল ইসলাম জানান, বিষয়টি তদন্ত করে অভিযুক্ত শহীদের সংশ্লিষ্টতা পাওয়ায় তাকে সাইবার সুরক্ষা অধ্যাদেশ ২০২৫ অনুযায়ী গ্রেফতার করা

হয়েছে।আইনানুগ প্রক্রিয়ায় তাকে আদালতে সোপর্দ করা হবে।

পুলিশ প্রেসক্লাব সাংবাদিক

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 09:20

URL: https://www.timestodaybd.com/barishal/3922667359